গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
**www.wewb.gov.bd**

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৪২৮ তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০১৯

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জানুয়ারি ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১১ ফেব্রুয়ারি ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণীর ৪ (খ) এ গৃহীত সিদ্ধান্তে উল্লিখিত বিটিসিএল শব্দটির পরিবর্তে বিটিআরসি শব্দ প্রতিস্থাপনপূর্বক সংশোধনী আনা হয়েছে। সভায় কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত জানুয়ারি ২০১৯ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ আরো বৃদ্ধি করার বিষয়ে গুরুত্বারোপ করেন। | প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ আরো বৃদ্ধি করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদান। | ইএফটির মাধ্যমে মৃতের পরিবারের একাউন্টে সরাসরি মঞ্জুরীকৃত অর্থ প্রদানের লক্ষ্যে মোবাইলে প্রাপ্ত মেসেজ অনুযায়ী প্রদত্ত অর্থ প্রাপ্তিতে বিলম্বিত হয় মর্মে মৃতের পরিবারের নিকট হতে জানা যায়। মহাপরিচালক বিলম্বিত হওয়ার কারণ জানতে চাইলে হিসাবরক্ষণ কর্মকর্তা বলেন, ইএফটির মাধ্যমে অর্থ প্রেরণ সংক্রান্ত ব্যাংকে এ্যাডভাইজ প্রেরণ করা হলে সংশ্লিষ্ট একাউন্টে অর্থ স্থানান্তরিত হতে ২/৩ দিন সময় লেগে যায় এবং ফাইল আপ-ডাউনেও আরো ২/৩ দিন সময় লাগে। মহাপরিচালক এ বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং ৩ দিনের মধ্যে মঞ্জুরীকৃত অর্থ মৃতের পরিবারের একাউন্টে পৌঁছানোর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | ইএফটির মাধ্যমে মৃতের পরিবারের একাউন্টে সরাসরি মঞ্জুরীকৃত অর্থ ৫ (পাঁচ) দিনের মধ্যে পৌঁছাতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ), পরিচালক (আইআরপি), সিস্টেম এ্যানালিস্ট ও হিসাবরক্ষণ কর্মকর্তা |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩.০ | নাবালকের নামে আলাদা একাউন্ট খোলা। | বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন বাবদ প্রাপ্ত অর্থ বিতরণের লক্ষ্যে উত্তরাধিকারী হিসেবে নাবালকের অংশ যদি ৩ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে হয় তা হলে অবশ্যই নাবালকের নামে আলাদা একাউন্ট করতে হবে। আর ৩ (তিন) লক্ষ টাকার নিচে হলে নাবালকের মা অথবা যে কোনো নিকট আত্মীয়কে ক্ষমতা প্রদান করা যাবে মর্মে সভায় আলোচনা হয়। | নাবালকের অংশ তার মা বা যাকে ক্ষমতা প্রদান করা হবে তাকে প্রদান করা যাবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>ও<br>পরিচালক (আইআরপি) |
| ৪.০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ ব্যাপকভাবে প্রচারের নিমিত্ত শর্ট ফিল্ম তৈরী করতে হবে | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ মধ্যস্বত্বভোগী দালালদের প্রতারণা থেকে মুক্ত করে প্রবাসী কর্মীর পরিবারদেরকে দ্রুততম সময়, সহজেই সেবা পৌছানোর নিমিত্ত সচেতনতামূলক ৫(পাঁচ) মিনিটের একটি শর্ট ফিল্ম (ফিলার) তৈরী করে গণমাধ্যমে ব্যাপকভাবে প্রচার করা প্রয়োজন। তৈরীকৃত শর্ট ফিল্ম (ফিলার) হতে সংক্ষিপ্ত আকারে প্রচারণামূলক ৩০ সেকেন্ড (টিবিসি) বিজ্ঞাপন নির্মাণ করে বেসরকারি টিভি চ্যানেল ও বিটিভিতে প্রচার করতে হবে। এতদবিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে পরিচালক (অর্থ ও কল্যাণ) কে আহবায়ক করে নিম্নবর্ণিত ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো:<br>১। মোঃ শফিকুল ইসলাম - আহবায়ক<br>পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>২। মোঃ জহিরুল ইসলাম - সদস্য<br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। শরিফুল ইসলাম - সদস্য<br>উপ-পরিচালক (কল্যাণ)<br>৫। শওকত হোসেন - সদস্য<br>উপ-সহকারী পরিচালক<br>৬। আশিক সিদ্দিকী - সদস্য<br>উপ-সহকারী পরিচালক<br>৭। নাজমুল হক - সদস্য<br>উপ-সহকারী পরিচালক<br>৪। আবু সাঈদ - সদস্য -সচিব<br>সহকারী পরিচালক<br>আগামী সমন্বয় সভার পূর্বেই এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক চূড়ান্ত প্রতিবেদন দাখিল করার বিষয়ে আলোচনা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ মধ্যস্বত্বভোগী দালালদের প্রতারণা থেকে মুক্ত করে প্রবাসী কর্মীর পরিবারদেরকে দ্রুততম সময়, সহজেই সেবা পৌছানোর নিমিত্ত সচেতনতামূলক ৫(পাঁচ) মিনিটের একটি শর্ট ফিল্ম (ফিলার) তৈরী করে গণমাধ্যমে ব্যাপকভাবে প্রচার করা প্রয়োজন। তৈরীকৃত শর্ট ফিল্ম (ফিলার) হতে সংক্ষিপ্ত আকারে প্রচারণামূলক ৩০ সেকেন্ড (টিবিসি) বিজ্ঞাপন নির্মাণ করে বেসরকারি টিভি চ্যানেল ও বিটিভিতে প্রচার করতে হবে। এতদবিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে পরিচালক (অর্থ ও কল্যাণ) কে আহবায়ক করে নিম্নবর্ণিত ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো:<br>১। মোঃ শফিকুল ইসলাম - আহবায়ক<br>পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>২। মোঃ জহিরুল ইসলাম - সদস্য<br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)<br>৩। শরিফুল ইসলাম - সদস্য<br>উপ-পরিচালক (কল্যাণ)-<br>৪। শওকত হোসেন - সদস্য<br>উপ-সহকারী পরিচালক<br>৫। আশিক সিদ্দিকী - সদস্য<br>উপ-সহকারী পরিচালক<br>৬। মোঃ নাজমুল হক - সদস্য<br>উপ-সহকারী পরিচালক<br>৭। আবু সাঈদ - সদস্য-সচিব<br>সহকারী পরিচালক<br>আগামী সমন্বয় সভার পূর্বেই এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ)<br>ও<br>পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | ৪২টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সহকারী পরিচালক/ ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠেয় | প্রবাসী কর্মীর পরিবারকে দ্রুত ও সহজে সেবা প্রদানের লক্ষ্যে ৪২টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সহকারী পরিচালক/ ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠান করা প্রয়োজন মর্মে সহকারী পরিচালক জনাব খুরশীদ আলম একটি প্রস্তাব উপস্থাপন করেন। উক্ত প্রস্তাবে | প্রবাসী কর্মীর পরিবারকে দ্রুত ও সহজে সেবা প্রদানের লক্ষ্যে ৪২টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সহকারী পরিচালক/ ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে আগামী মার্চ ২০১৯ এর সুবিধাজনক তারিখে একটি মতবিনিময় সভা অনুষ্ঠানের | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | সভার আয়োজন। | মহাপরিচালক সহমত প্রকাশ করেন এবং আগামী মার্চ ২০১৯ এর সুবিধাজনক তারিখে একটি মতবিনিময় সভা অনুষ্ঠানের আয়োজন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। একই সাথে প্রবাসী কর্মীদেরকে নিয়ে কাজ করছেন এরূপ এনজিওদের সমন্বয়ে ওয়ার্কশপ/ মতবিনিময় সভাও করার নিদের্শনা প্রদান করেন। | আয়োজন করতে হবে । একই সাথে প্রবাসী কর্মীদেরকে নিয়ে কাজ করছেন এরূপ এনজিওদের সমন্বয়ে ওয়ার্কশপ/ মতবিনিময় সভা আয়োজনেরও সিদ্ধান্ত হয়। | |
| ৬.০ | বিদেশ হতে আগত গুরুতর অসুস্থ কর্মীদের চিকিৎসা প্রদানের লক্ষ্যে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল এর সাথে একটি সমঝোতা স্মারক / চুক্তিনামা স্বাক্ষর। | গত সভার সিদ্ধান্ত মোতাবেক বিদেশ ফেরত গুরুতর অসুস্থ প্রবাসী কর্মীদের ঢাকা মেডিক্যাল হাসপাতালে নির্বিঘ্নে ভর্তির বিষয়ে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) সভাকে জানান যে, ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল এর পরিচালকের সাথে এ বিষয়ে আলোচনা হয়। ঢাকা মেডিক্যাল হাসপাতালের পরিচালক বলেন, বিদেশে গুরুতর অসুস্থ হয়ে দেশে ফেরত আসা প্রবাসী কর্মীদের চিকিৎসা সেবায় গুরুত্ব সহকারে সহায়তা প্রদান করা হয়। তিনি আরো উল্লেখ করেন যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সাথে ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হলে সেবা প্রক্রিয়া আরও সহজতর হবে। তাছাড়া গুরুতর অসুস্থ প্রবাসী কর্মী হাসপাতালে ভর্তির ক্ষেত্রে আইসিউ এর সীমাবদ্ধতা থাকায় এ ক্ষেত্রে যথাযথ সেবা প্রদান কষ্টকর হয়। তৎপ্রেক্ষিতে প্রাসঙ্গিকভাবে অত্র দপ্তরের পক্ষ থেকে হাসপাতালে আইসিইউ বেড প্রদানের বিষয়ে প্রাথমিক আলোচনা হয়। তিনি অসুস্থ প্রবাসী কর্মীদের সেবা প্রদানের বিষয়ে গুরুত্ব তুলে ধরে আইসিইউতে বেড সরবরাহের বিষয়ে একটি পত্র প্রেরণের অনুরোধ করেন। | বিদেশ ফেরত গুরুতর অসুস্থ কর্মীদের ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নির্বিঘ্নে ভর্তি এবং জরুরি চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের থেকে একজন ফোকাল পয়েন্ট নির্ধারণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও উপ-পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও প্রশিক্ষণ) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৯।